গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnmgov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০১.১৯.৩৫৫

তারিখঃ ২৮/৯/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিভাগীয় মামলা নং ০৬৫/২০২২ এর ব্যক্তিগত শুনানির নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, এএইচএম জাকারিয়া হোসেন, পিতাঃ আব্দুল হক, সিনিয়র স্টাফ নার্স, বিপিএসসি রেজিঃ নং ০০০৯৩৭, মেধাক্রম-৭৭১৬, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ডিমলা, নীলফামারী এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তিনি অভিযোগনামার জবাব প্রদান করেন। তার দাখিলকৃত জবাব কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ গুরুত্বের সাথে পর্যালোচনা করা হয়েছে। উক্ত জবাব বিবেচনায় কর্তৃপক্ষ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। বর্ণিতাবস্থায়, অভিযুক্তের বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার শুনানি আগামী ১৮/১০/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা কর্তৃক শুনানি গ্রহণের নিমিত্ত মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

২৮/৯/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
উপসচিব
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

এএইচএম জাকারিয়া হোসেন
পিতাঃ আব্দুল হক
সিনিয়র স্টাফ নার্স
বিপিএসসি রেজিঃ নং ০০০৯৩৭, মেধাক্রম-৭৭১৬, ডিমলা
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ডিমলা, নীলফামারী।

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭. ০০১.১৯. ৩৫৫/১(৭)

তারিখঃ ২৮/৯/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ অবগতার্থে

১। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২। সিভিল সার্জন, নীলফামারী।
৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ডিমলা, নীলফামারী।
৪। জেলা পাবলিক হেলথ নার্স, নীলফামারী।
৫। সহকারি পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর। (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৬। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ডিমলা, নীলফামারী।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।

২৮/৯/২২
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.৩০৮.২০-৬৫০

তারিখঃ২৮/০৯/২০২২ খ্রিঃ

**বিভাগীয় মামলা নং-০৭ /২০২২**

**অভিযোগনামা**

যেহেতু, আপনি কামরুন নাহার, পিতা-মোঃ শাহাব উদ্দিন, সিনিয়র স্টাফ নার্স, কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতাল, কক্সবাজার (সাবেক কর্মস্থল- বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা)-কে এ অধিদপ্তরের ২৩/১১/২০২০ খ্রিঃ তারিখের ১২৮৫ নং স্মারকে ৩০/১১/২০২০ খ্রিঃ তারিখ তাৎক্ষণিক অবমুক্তির আদেশে কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতাল, কক্সবাজারে বদলি করা হয়। উক্ত বদলি আদেশের বিরুদ্ধে আপনি প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় এ.টি মামলা নং ৩১৮/২০২০ দায়ের করেন এবং উক্ত মামলার ৩০/১১/২০২০ খ্রিঃ তারিখের আদেশে বদলির আদেশটি স্থগিত করা হয়। তৎপ্রেক্ষিতে প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, ঢাকায় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত আপিল মামলা নং ০৩/২০২১ এর ২৬/১০/২০২১ খ্রিঃ তারিখের আদেশে এ.টি মামলা নং ৩১৮/২০২০ এর ৩০/১১/২০২০ খ্রিঃ তারিখের আদেশ ভ্যাকেট করা হয়। প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের আদেশের আলোকে ২৮/১০/২০২১ খ্রিঃ তারিখ, বৃহস্পতিবার এর মধ্যে বদলিকৃত কর্মস্থল কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতাল, কক্সবাজারে আপনার যোগদান করা আবশ্যক ছিল। কিন্তু আপনি অদ্যাবধি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি মর্মে পরিচালকের কার্যালয়, কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতাল, কক্সবাজার এর ০২/০৬/২০২২ খ্রিঃ তারিখের ১৫৩৭ নং স্মারকে এ অধিদপ্তরকে অবহিত করা হয়েছে। আপনি কর্তৃপক্ষের আদেশ অমান্য করে বদলিকৃত কর্মস্থলে অদ্যাবধি যোগদান না করে একাদিক্রমে দীর্ঘদিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন।

২। যেহেতু, আপনার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের প্রেক্ষিতে আপনাকে এ অধিদপ্তরের ১২/০৭/২০২২ খ্রিঃ তারিখের ২৪৩ নং স্মারকে কারণ দর্শানো হয় এবং আপনি উক্ত কারণ দর্শানোর জবাব দাখিল করেননি;

৩। যেহেতু, আপনি কর্তৃপক্ষের আদেশ অমান্য করে দীর্ঘদিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থেকে কর্তব্য কর্মে চরম অবহেলা প্রদর্শন করেছেন এবং এ অধিদপ্তরের কারণ দর্শানোর জবাব দাখিল করেননি, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর আওতাভুক্ত অপরাধ;

৪। যেহেতু, আপনার কর্তৃক কর্মস্থলে একাদিক্রমে ৬০(ষাট) দিন বা ততোধিকাল অননুমোদিত অনুপস্থিতি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(চ) বিধি অনুযায়ী "পলায়নের" এর আওতাভুক্ত অপরাধ;

৫। সেহেতু, আপনি কামরুন নাহার, পিতা- মোঃ শাহাব উদ্দিন, সিনিয়র স্টাফ নার্স, কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতাল, কক্সবাজার (সাবেক কর্মস্থল- বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" ও ৩(গ) বিধি অনুযায়ী "পলায়ন" এর অপরাধে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে সরকারি চাকরি থেকে বরখাস্ত করা হবে না বা অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি মোতাবেক এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর করণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য বলা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর এক প্রস্থ এতদসংগে সংযুক্ত করা হলো।

রাশেদা আকতার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইল- info@dgnm.gov.bd

প্রাপক ঃ কামরুন নাহার
সিনিয়র স্টাফ নার্স

১। বর্তমান ঠিকানা:
কামরুন নাহার
পিতা- মোঃ শাহাব উদ্দিন
সিনিয়র স্টাফ নার্স
কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতাল, কক্সবাজার।

২। স্থায়ী ঠিকানা
কামরুন নাহার
পিতা- মোঃ শাহাব উদ্দিন
সিনিয়র স্টাফ নার্স
গ্রাম ঃ রতনপুর, পো ঃ বাখর নগর, উপজেলা ঃ রায়পুরা, জেলা ঃ নরসিংদী।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.৩০৮.২০-৬৫০/২(৭)

তারিখঃ ২৮/০৯/২০২২ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক, কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতাল, কক্সবাজার।
৩। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা।
৫। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা। (অভিযোগনামাটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৬। সেবা তত্ত্বাবধায়ক, কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতাল, কক্সবাজার।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২৮/৯/২২

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)